

আবৃত্তি কর্মশালা

■ কৃষ্ণনগর: রাজ্যের বিভিন্ন জেলার শিক্ষার্থীদের নিয়ে আবৃত্তি কর্মশালা শুরু হল। মঙ্গলবার সকালে কৃষ্ণনগরের ঘূর্ণিতে হস্ত ও কারু শিল্পের সংগ্রহশালার সভাগৃহে এই কর্মশালার উদ্বোধন করেন নদিয়া জেলা পরিষদের সভাপতি বাণীকুমার রায়। আগামী বৃহস্পতিবার পর্যন্ত এই কর্মশালা চলবে। পশ্চিমবঙ্গ কবিতা অ্যাকাডেমি এবং রাজ্যের তথ্য ও সংস্কৃতি দফতরের যৌথ উদ্যোগে এই কর্মশালা শুরু হয়েছে। নদিয়া-মুর্শিদাবাদের পাশাপাশি কলকাতা, দুই ২৪ পরগণা, হাওড়া, বাঁকুড়ার ১৮-৪৫ বছরের মোট ৫২ জন শিক্ষার্থী এই কর্মশালায় যোগ দেওয়ার জন্য আবেদন করেছিলেন। তাঁদের মধ্যে থেকে ৪২ জন এ দিন যোগ দেন।

স. কুমার

সামনে বাস্তবিত্তে থাকা
বাল্লি এনে সেই আগুন
নেভান।

বায়োমেট্রিক

■ কৃষ্ণনগর: এ বারে যাতায়াতে ফাঁকিবাজি রুখতে জেলাশাসকের দফতরে চালু হচ্ছে বায়োমেট্রিক অ্যাটেন্ডেন্স। নতুন বছরে শুরুতেই কৃষ্ণনগরের এই ব্যবস্থা চালু করা হবে। ইতিমধ্যে বায়োমেট্রিক হাজিরা চালু করার জন্য মেশিন বসানোর কাজ শুরু হয়েছে। আপাতত জেলাশাসকের অফিসে এই ব্যবস্থা চালু হবে। পরে জেলাশাসকের অফিস চত্বরে থাকা কৃষ্ণনগর সদর মহকুমাশাসকের অফিসেও একই ব্যবস্থা চালু করা হবে। জেলা প্রশাসনের এক আধিকারিক জানান, এই ব্যবস্থা চালু হওয়ার ফলে কে কখন অফিসে আসছেন তা রেকর্ড হয়ে থাকবে। ফাঁকির সুযোগ থাকবে না।

ফাল প্রকাশ

২৬

২৬ মে ২০২৫



আবৃত্তি কর্মশালা

পশ্চিমবঙ্গ কবিতা আকাদেমি
 আয়োজিত তিন দিনের আবৃত্তি
 কর্মশালা শুরু হল কৃষ্ণনগরে।
 জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের
 ব্যবস্থাপনায় এই কর্মশালা চলছে
 ঘূর্ণির মস্তিকা ভবনে। মঙ্গলবার
 এর উদ্বোধন করেন নদীয়া জেলা
 পরিষদের সভাপতি বাণীকুমার
 রায়। উপস্থিত ছিলেন জেলা তথ্য
 ও সংস্কৃতি আধিকারিক গিরিধারী
 সাহা। রাজ্যের প্রেসিডেন্সি বিভাগের
 জেলাগুলির শিক্ষার্থীদের জন্য এই
 কর্মশালা। প্রশিক্ষক হিসেবে আছেন
 বিখ্যাত দুই বাটিক শিল্পী বিজয়লক্ষ্মী
 বর্মন এবং প্রণতি ঠাকুর।

২২/৪/২০

জ্যেষ্ঠ সচিব ২৬ মে ২০১৬

